NYC

নিউ ইয়র্ক সিটি এবং এটির অংশীদাররা নিশ্চিত করছে যে, আকস্মিক বন্যার জরুরী অবস্থার পরে প্রতিটি নিউ ইয়র্কবাসী যেন তাদের প্রয়োজনীয় সহায়তা পান।

নিউ ইয়র্কবাসীরা অতিরিক্ত তথ্যের জন্য NYC.gov/ida দেখতে পারেন বা 311 (ভিডিও রিলে পরিষেবার জন্য 212-639-9675, বা TTY: 212-504-4115) নম্বরে ফোন করতে পারেন।

পরিষেবা কেন্দ্রগুলি

পাঁচটি বরোর সবকটি জুড়ে পরিষেবা কেন্দ্রগুলি খোলা আছে। এগুলি প্রতিদিন খোলা থাকে। NYC.gov/ida দেখা বা 311 নম্বরে ফোন করার মাধ্যমে অবস্থানগুলি সংক্রান্ত তথ্য পাওয়া যেতে পারে। 311 নম্বরে যোগাযোগ করার মাধ্যমে অন্য কোনো পরিবহনের বিকল্প ছাড়া নিউ ইয়র্কবাসীদের জন্য কেন্দ্রগুলিতে পরিবহন সহায়তা উপলব্ধ আছে। পরিষেবাগুলি সকল দর্শনার্থীদের কাছে উপলব্ধ হবে। স্থানগুলিতে আসা দর্শনার্থীদের কাছে তাদের অভিবাসনের স্থিতি সম্পর্কে জানতে চাওয়া হবে না।

নিউ ইয়র্কবাসীরা এখন বিপর্যয় সহায়তা (Disaster Assistance) পেতে পারেন এবং ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) কাছে ক্ষতি রিপোর্ট করতে পারেন।

FEMA ক্ষতিগ্রস্ত বাড়ির মালিক ও ভাড়াটেদের নিম্নলিখিত ত্রাণগুলি দিতে পারে। এখন আবেদনগুলি খোলা আছে। দ্রষ্টব্য: FEMA অন্যান্য উৎস থেকে পাওয়া সুবিধাগুলির পুনরাবৃত্তি করবে না। 1-800-621-3362 (TTY: 1-800-462-7585) নম্বরে ফোন করুন বা www.disasterassistance.gov দেখুন। যদি পরিবারের কেউ নাগরিক হন, অ-নাগরিক দেশবাসী হন, বা যোগ্য বিদেশী হন তাহলে উপলব্ধ হয়।

- *আবাসন সহায়তা:* বাড়ি মেরামত, ইত্যাদির জন্য আবাসন সহায়তা ব্যবহার করা যেতে পারে। নিউ ইয়র্কবাসীদের অবশ্যই ক্ষতি নথিভুক্ত, নিবন্ধন করতে হবে, এবং FEMA দ্বারা পরিদর্শন হতে হবে। $36,000 পর্যন্ত ভাতা প্রদান করা হতে পারে।
- *ভাড়া সহায়তা:* দুই (2) মাস পর্যন্ত ভাড়া/স্থানান্তকরণের খরচ পরিশোধ। পুনরায় প্রমাণপত্রের সাহায্যে অব্যাহত ভাড়া সহায়তা পাওয়া যেতে পারে।
- *অন্যান্য প্রয়োজনগুলি:* বিমার আওতাভুক্ত নয় এমন খরচ এবং গুরুতর প্রয়োজনের জন্য $36,000 পর্যন্ত আর্থিক সহায়তা উপলব্ধ হতে পারে (যেমন, গাড়ি, চিকিৎসা সরঞ্জাম)।

NYC আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ (NYC Department of Housing Preservation & Development, HPD)

NYC আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ এই ঝড়ে ক্ষতিগ্রস্ত বাড়ির মালিকদের জন্য সংস্থানগুলির একটি তালিকা একত্রিত করেছে যা NYC.gov/hpd এ গিয়ে বা 311 নম্বরে ফোন করে পাওয়া যাবে। যারা ফোন করবেন তাদের কাছে অভিবাসনের স্থিতি সম্পর্কে জানতে চাওয়া হবে না।

পাম্পিং

সিটি প্রয়োজন অনুসারে যে কোনো বাড়ির মালিককে পাম্পিং এ সাহায্য করতে পারে। আরো তথ্যের জন্য নিউ ইয়র্কবাসীরা একটি পরিষেবা কেন্দ্রে যেতে পারেন বা 311 নম্বরে ফোন করতে পারেন। যারা ফোন করবেন তাদের কাছে অভিবাসনের স্থিতি সম্পর্কে জানতে চাওয়া হবে না।

আরো তথ্য এবং ঝড়-পরবর্তী সংস্থানের জন্য, **NYC.gov/ida** দেখুন বা **311** (ভিডিও রিলে পরিষেবার জন্য 212-639-9675, বা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন।

পারমিট ও মেরামতের জন্য ফি স্থগিত করা
বাড়ির মালিক বা ক্ষুদ্র ব্যবসার মালিক যারা ঝড়ে ক্ষতি সংক্রান্ত ভাঙা, নির্মাণ, বা মেরামতের জন্য পারমিটের জন্য আবেদন করছেন তাদের ভবন বিভাগের (Department of Buildings, DOB) মাধ্যমে বা পরিবেশ সুরক্ষা বিভাগের (Department for Environmental Protection, DEP) অ্যাসবেস্টস অপসারণের জন্য ফি মুকুব করা হবে। ব্যক্তিরা পারমিটের জন্য আবেদন দাখিল করায় এখন এই সংস্থানগুলি উপলব্ধ আছে।

American Red Cross (ARC) কাছ থেকে সহায়তা
বাড়ি উপলব্ধ না থাকলে বাড়ির মালিক/ভাড়াটেদের জন্য সাময়িক আশ্রয় **(হোটেল) উপলব্ধ** আছে। বাড়ির মালিকদের জন্য দুই (2)সপ্তাহ পর্যন্ত, এবং ভাড়াটেদের জন্য তিন (3) সপ্তাহ পর্যন্ত হোটেল বাস উপলব্ধ আছে। ARC এমন পরিবারগুলিকে $515 পর্যন্ত প্রদান করতে পারে, যাদের বাড়ি ধ্বংস হয়ে গেছে বা হারিকেন ইডার (Hurricane Ida) অবশিষ্টাংশের কারণে সৃষ্ট বন্যায় বড় ক্ষতি হয়েছে বলে নিশ্চিত করা হয়েছিল। অতিরিক্ত পুনরুদ্ধার পরিষেবা, যেমন রেফারেল, পরিষ্কার করার সরঞ্জাম, এবং মানসিক সহায়তা উপলব্ধ হতে পারে। যারা ফোন করবেন তাদের কাছে অভিবাসনের স্থিতি সম্পর্কে জানতে চাওয়া হবে না। 1-877-733-2767 নম্বরে ফোন করুন।

অভিবাসী এবং অনথিভুক্ত নিউ ইয়র্কবাসীদের জন্য সংস্থান
যদি অভিবাসন অথবা সিটির পরিষেবাগুলিতে কীভাবে প্রবেশাধিকার পাবেন সে বিষয়ে আপনার প্রশ্ন থাকে, তাহলে আপনার ভাষায় সহায়তা পাওয়া যায়। সোমবার থেকে শুক্রবার, সকাল 9 টা থেকে বিকাল 5 টার মধ্যে অভিবাসী বিষয়ক মেয়রের অফিস (Mayor's Office of Immigrant Affairs, MOIA) হটলাইনে 212-788-7654 নম্বরে ফোন করুন, NYC.gov/immigrants দেখুন বা askmoia@cityhall.nyc.govএ ইমেল করুন।

ক্ষুদ্র ব্যবসা প্রশাসন (Small Business Administration, SBA) ঋণ
বাড়ির মালিক/ক্ষুদ্র ব্যবসাগুলির জন্য স্বল্প-সুদে ঋণ উপলব্ধ আছে। নিউ ইয়র্কবাসীরা বাড়ি মেরামতের জন্য $200,000, ব্যক্তিগত সম্পত্তি প্রতিস্থাপনের জন্য $40,000, বা যন্ত্রপাতি, আসবাবপত্র পুনরায় সাজানোর জন্য $2 মিলিয়ন পর্যন্ত পেতে পারেন। যদি পরিবারের কেউ নাগরিক হন, অ-নাগরিক দেশবাসী হন, বা যোগ্য বিদেশী হন তাহলে উপলব্ধ হয়।

ব্যবসা সহায়তা
NYC ক্ষুদ্র ব্যবসা পরিষেবা (Small Business Services, SBS) বিভাগ ব্যবসার মালিকদের সহায়তা দেয়। আরো তথ্যের জন্য NYC.gov/sbs দেখুন বা 888-SBS-4NYC (888-727-4692) নম্বরে ফোন করুন। যারা ফোন করবেন তাদের কাছে অভিবাসনের স্থিতি সম্পর্কে জানতে চাওয়া হবে না।

ব্যক্তিগত বন্যা বিমা
আপনি যদি আপনার বাড়ি ভাড়া দেন, তাহলে ভাড়াটের বিমা আপনার অ্যাপার্টমেন্টের ভিতরে থাকা জিনিসগুলির নিশ্চয়তা দিতে পারে। আপনি যদি বাড়ির মালিক হন, তাহলে নিশ্চিত করুন যে আপনার বাড়ির সঠিকভাবে বিমা করা হয়েছে— বন্যা এবং বাতাসের ক্ষতি একটি মৌলিক নীতিতে অন্তর্ভুক্ত নয়। বেসরকারি বন্যা বিমা থাকা নিউ ইয়র্কবাসীদের সহায়তার জন্য তাদের বিমা প্রদানকারীদের সাথে যোগাযোগ করা উচিত।

পরিষ্কার করা এবং ছত্রাকের বৃদ্ধি প্রতিরোধ করা
ছত্রাকের বৃদ্ধি প্রতিরোধ সংক্রান্ত আরো তথ্যের জন্য স্বাস্থ্য বিভাগের (Department of Health, DOH) ওয়েবসাইট (NYC.gov/health) দেখুন।

আরো তথ্য এবং ঝড়-পরবর্তী সংস্থানের জন্য, **NYC.gov/ida** দেখুন বা **311** (ভিডিও রিলে পরিষেবার জন্য 212-639-9675, বা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন।